

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকর্ম : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

## সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,  
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১১৪/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ১০ মার্চ, রবিবার ২০২৪, ২৬ ফাল্গুন ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে মসিক নির্বাচন অনুষ্ঠিত; মেয়র পদে ইকরামুল হক টিটু পুনর্নির্বাচিত
- ০২। গাফিলতির কারণে হজ পালন যথানিয়মে না হলে দায়ভার গাইডের উপরেই বর্তাবে
- ০৩। ভবিষ্যতে সংরক্ষিত নারী আসনের সংখ্যা বাড়বে
- ০৪। ময়মনসিংহ প্রেসক্লাবের ৬৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

### ০১। সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে মসিক নির্বাচন অনুষ্ঠিত; মেয়র পদে ইকরামুল হক টিটু পুনর্নির্বাচিত

সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে ময়মনসিংহ সিটি কর্পোরেশন (মসিক) নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। ইভিএম পদ্ধতিতে শনিবার (০৯ মার্চ) সকাল ০৮টা থেকে বিকাল ০৪টা পর্যন্ত নগরীর ১২৮টি কেন্দ্রে ভোটারদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মধ্য দিয়ে ভোটগ্রহণ সম্পন্ন হয়। ময়মনসিংহের ইতিহাসে দ্বিতীয়বারের মতো অনুষ্ঠিত সিটি কর্পোরেশন নির্বাচনে মেয়র পদে ০৫ জন, সাধারণ কাউন্সিলর পদে ১৪৯ এবং সংরক্ষিত নারী কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বিতা করেন ৬৯ জন। পরে, এদিন রাতে আঞ্চলিক রিটার্নিং কর্মকর্তা মোহাম্মদ বেলায়েত হোসেন চৌধুরী মসিক নির্বাচনের ১২৮টি কেন্দ্রের ফলাফল ঘোষণা করেন। ফলাফলে মেয়র পদে মো. ইকরামুল হক টিটু টেবিল ঘড়ি প্রতীকে ০১ লক্ষ ৩৯ হাজার ৬০৪ ভোট পেয়ে বেসরকারিভাবে মেয়র পদে নির্বাচিত হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাদেকুল হক খান মিল্কী টজু হাতি প্রতীকে পান ৩৫ হাজার ৭৬৩ ভোট এবং এহতেশামুল আলম ঘোড়া প্রতীকে পান ১০ হাজার ৭৭৩ ভোট। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, আজকের বাংলাদেশ, দৈনিক সবুজ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

### ০২। গাফিলতির কারণে হজ পালন যথানিয়মে না হলে দায়ভার গাইডের উপরেই বর্তাবে

প্রত্যেক হজযাত্রী যাতে সহিহ ও শুদ্ধভাবে হজ পালন করতে পারে সে বিষয়ে হজ গাইডদের সর্বদা সোচ্চার থাকতে হবে জানিয়ে ধর্মমন্ত্রী মো. ফরিদুল হক খান বলেছেন, ইসলামী শরীয়তের দৃষ্টিকোণ থেকে হজের বিশেষ গুরুত্ব ও ফজিলত রয়েছে। হজ গাইডদের গাফিলতির কারণে একজনও হজযাত্রীর হজ পালন যদি যথানিয়মে না হয় সে দায়ভার হজ গাইডের উপরেই বর্তাবে। শনিবার (০৯ মার্চ) ঢাকার আশকোণায় হজ অফিসে সরকারি হজ গাইড প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

### ০৩। ভবিষ্যতে সংরক্ষিত নারী আসনের সংখ্যা বাড়বে

জাতীয় সংসদের ডেপুটি স্পিকার শামসুল হক টুকু বলেছেন, নারীক্ষমতার উন্নয়নে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নানাবিধ কাজ করে গেছেন। স্বাধীনতার পরপরই তিনি সংসদে সংরক্ষিত নারী আসন প্রণয়ন করেছিলেন। এখন সংসদে ৫০টি সংরক্ষিত নারী আসন রয়েছে। এর সংখ্যা ভবিষ্যতে ধীরে ধীরে বাড়বে। শনিবার (০৯ মার্চ) জাতীয় প্রেসক্লাব কর্তৃক আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

### ০৪। ময়মনসিংহ প্রেসক্লাবের ৬৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

ময়মনসিংহ প্রেসক্লাবের ৬৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়েছে। আনন্দ শোভাযাত্রা, কেক কাটা, আলোচনা সভা ও শুভেচ্ছা বিনিময়ের মধ্য দিয়ে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়। বেলুন ওড়িয়ে আনন্দ শোভাযাত্রার উদ্বোধন করেন শরীফ আহমেদ এমপি। প্রেসক্লাব মিলনায়তনে কেক কেটে আলোচনা সভা ও শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানমালার উদ্বোধন করেন ময়মনসিংহ-৪ সদর আসনের সংসদ সদস্য মোহিত উর রহমান শান্ত। আলোচনা সভায় সভাপতিত্ব করেন প্রেসক্লাব সভাপতি ও ময়মনসিংহ জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী। সূত্র: দৈনিক নিউ টাইমস ও আজকের বাংলাদেশ।

## সম্পাদকীয়

- (ক) **দৈনিক নিউ টাইমস:** বর্তমানে সাধারণ মানুষের দৈনন্দিন চাহিদা মেটাতে হিমশিম খেতে হচ্ছে। নতুন করে গ্রাহক পর্যায়ে বিদ্যুতের দাম বাড়লে জনজীবনে নেতিবাচক প্রভাব পড়বে। তাই সরকারের উচিত বিদ্যুতের দাম না বাড়িয়ে ভর্তুকি দেয়া। সূত্র: দৈনিক সবুজ।
- (খ) **দৈনিক স্বদেশ সংবাদ:** বাংলাদেশে অর্থনীতির বিভিন্ন খাতকে বেশি মনোযোগ দিতে গিয়ে দীর্ঘদিন ধরে উপেক্ষিত শিক্ষা ও স্বাস্থ্যখাত। উন্নয়ন খরচে শিক্ষা ও স্বাস্থ্যখাত অগ্রাধিকারের তালিকায় বরাবরের মতো বেশ পিছিয়ে আছে। নীতিনির্ধারকেরা বিষয়টি পুনর্বিবেচনা করবেন এবং সংশোধিত বাজেটে এ দুই খাতে আগের চেয়ে বেশী বরাদ্দ বহাল রাখবেন বলেই প্রত্যাশা।
- (গ) **দৈনিক স্বজন ও আজকের বাংলাদেশ:** দেশে মোট বেকারের সংখ্যা ২৩ লাখ ৫০ হাজার। বিশেষজ্ঞদের মতে, যে হারে কাজের বাইরে থাকা মানুষের সংখ্যা বাড়ছে, তা উদ্বেগজনক। অর্থনীতির স্বার্থে দেশে নতুন উদ্যোক্তা তৈরীর বিষয়ে সরকারকে জোর দিতে হবে। এ লক্ষ্যে সরকারের উচ্চপর্যায় থেকে কার্যকর উদ্যোগ নেয়া জরুরি। সূত্র: আজকের বাংলাদেশ।

## প্রবন্ধ/নিবন্ধ

- ০১। দেশের দায় প্রবাসের দায়িত্ব- অজয় দাশগুপ্ত। (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০২। কৃষি ও প্রক্রিয়াজাত খাদ্যপণ্য রপ্তানির বড় সম্ভাবনাকে কাজে লাগাতে হবে।- রেজাউল করিম খোকন। (দৈনিক সবুজ ও দৈনিক নিউ টাইমস)
- ০৩। চ্যালেঞ্জ মোকাবেলায় সরকারের করণীয়- ড. মইনুল ইসলাম। (আজকের বাংলাদেশ)
- ০৪। বন্যপ্রাণী প্রকৃতির বন্ধু-প্রকাশ ঘোষ বিধান। (দৈনিক স্বজন)

#